
# কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম

মীর শামছুল আলম বাবু



# কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম

মীর শামছুল আলম বাবু

বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

# কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম
মীর শামছুল আলম বাবু

গবেষণা তত্ত্বাবধায়ক
অনুপম হায়াৎ

পান্ডুলিপি
লাইব্রেরি শাখা
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

গ্রন্থস্বত্ব
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা

প্রচ্ছদের আলোকচিত্র
নাসির আলী মামুন/ ফটোজিয়াম


প্রচ্ছদ
আবীর শ্রেষ্ঠ/চিত্রম

মুদ্রক:
এসোসিয়েটস প্রিন্টিং প্রেস
১৬৪ ডিআইটি এক্সটেনশন রোড
ফকিরাপুল, ঢাকা-১০০০
ফোন: ৮৩১৭৩৮৪, ০১৯২৪৯৪০৭৬৫

প্রথম প্রকাশ
জুন ২০১৩

মূল্য
২৫০ টাকা

Kushuly Chitrograhok Baby Islam. by Mir Shamsul Alam Baboo.
Published by Bangladesh Film Archive, First Edition: June 2013
ISBN : 978-984-33-7619-0



আলোকচিত্র : সুনীল আমিন

বেবী ইসলাম (১৯২৭-২০১০)

# ভূমিকা

চিত্রগ্রাহক বেবী ইসলাম– এ পরিচয়েই বেশি পরিচিত ছিলেন জনাব আনোয়ারুল ইসলাম। সেলুলয়েডে আলোছায়ার শৈল্পিক উপস্থাপনায় বিমুগ্ধ করেছেন চলচ্চিত্র দর্শককে। শুধু বাংলাদেশে নয়, ভারতের কোলকাতা, মাদ্রাজ, বোম্বের চলচ্চিত্রেও চিত্রগ্রাহক হিসাবে কাজ করেছেন তিনি। চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন প্রতিষ্ঠার পর চিত্রগ্রহণ ছাড়াও তিনি এ দেশের চলচ্চিত্রে চিত্রপরিচালক ও প্রযোজকও ছিলেন। অভিনয়ও করেছেন। তরুণ গবেষক, চলচ্চিত্রকর্মী, আলোকচিত্রী ও পর্বতারোহী মীর শামছুল আলম বাবু তার গবেষণাগ্রন্থ 'কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম'- এ ফুটিয়ে তুলেছেন এই গুণী চিত্রগ্রাহক ও পরিচালকের জীবন ও কর্মের নানা দিক।

চলচ্চিত্রের বিভিন্ন বিষয় নিয়ে গবেষণার জন্য বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিবছর গবেষকদের ফেলোশিপ প্রদান করে থাকে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ– চলচ্চিত্র সংরক্ষণের পাশাপাশি এ বিষয়ে অধ্যয়ন, গবেষণায় সহায়ক ভূমিকা রাখবে এ উদ্দেশ্য নিয়েই আর্কাইভ কর্তৃক ফেলোশিপ প্রদান করা হয়। এ ফেলোশিপের আওতায় মীর শামছুল আলম বাবুর 'কুশলী চিত্রগ্রাহক বেবী ইসলাম' শীর্ষক গবেষণাপত্রটি ২০১১-২০১২ অর্থবছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ কর্তৃক গৃহীত হয়।

বাংলাদেশের চলচ্চিত্র শিল্পের যাত্রা শুরুর আগে থেকে এ অঞ্চলের চলচ্চিত্রে অবদান রেখেছেন বেবী ইসলাম। চিত্রগ্রহণের কুশলতা এবং চলচ্চিত্রের অন্যান্য ক্ষেত্রে তাঁর সৃষ্টিশীল অবদান চলচ্চিত্র গবেষক ও পাঠকদের অনুপ্রেরণা দেবে। এ প্রত্যাশা নিয়ে গবেষণাকর্মটি গ্রন্থাকারে প্রকাশিত হলো। বিশিষ্ট চলচ্চিত্র গবেষক অনুপম হায়াৎ এ গবেষণাকর্মটি অত্যন্ত যত্ন নিয়ে তত্ত্বাবধান করেছেন। তাঁর প্রতি আন্তরিক ধন্যবাদ। গ্রন্থাকারে প্রকাশের জন্য মীর শামছুল আলম বাবু গবেষণাকর্মটি পরিবর্তন পরিবর্ধন করে সমৃদ্ধ করার চেষ্টা করেছেন। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ফিল্ম ও লাইব্রেরি শাখার সংশ্লিষ্টরা নেপথ্যে থেকে সহযোগিতা করেছেন। তাদের সকলকে ধন্যবাদ জানাই।

সময় স্বল্পতার বিবেচনায় এর যে কোন অপূর্ণতাকে পাঠক ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখবেন– এ প্রত্যাশা করছি। পরিশেষে গ্রন্থটি চলচ্চিত্রপ্রেমীদের কাছে পাঠকপ্রিয় হলে গবেষকসহ আমাদের সকলের পরিশ্রম সার্থক হবে।

কামরুন নাহার
মহাপরিচালক
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

# কিছু কথা

বেবী ইসলাম (১৯২৭–২০১০) বাংলাদেশের চলচ্চিত্র জগতের প্রথম যুগের ব্যক্তিত্ব। এদেশের চলচ্চিত্র জগৎ শুরুর পূর্বেই যার অবদানে সমৃদ্ধ ছিল কোলকাতার চলচ্চিত্র, সেই বেবী ইসলাম এদেশের চলচ্চিত্র শিল্পের সূচনা থেকে ছিলেন চিত্রগ্রহণ বিষয়ের একজন শিল্পী, যিনি সেলুলয়েডের ক্যানভাসে অঙ্কন করতেন শিল্পকর্ম।

অ্যাডভেঞ্চারের নেশায় সমুদ্র থেকে হিমালয় বিচরণ করলেও আমি পেশায় একজন আলোকচিত্রী ও চলচ্চিত্র কর্মী। ১৯৮৯ সাল থেকে চলচ্চিত্র ছিল আমার আগ্রহের বিষয়বস্তু। ১৯৯০ সালে আমার চলচ্চিত্র শিক্ষক আব্দুস সামাদের সুবাদে পরিচয় হয় বেবী ইসলামের সঙ্গে। পরিচয়ের কিছুদিন পর থেকেই সৃষ্টিশীল, আবেগ প্রবণ, সহজ সরল মানুষটির সাথে হৃদ্যতা হয়ে গেল। মাঝে মাঝে যেতাম তাঁর লালমাটিয়ার বাসায়। কাজ, আড্ডা আর গল্পের জন্যও গিয়েছি বেবী ভাইয়ের বাসায় – শর্ট ফিল্ম ফোরামের এডিটিং মেশিন ছিল সেখানে। নব্বই দশকের শেষে পাহাড় জঙ্গল আর হিমালয়ের প্রেমে চলচ্চিত্র থেকে আমি খানিকটা দূরে, তবুও মাঝে মাঝে দেখা হত - সর্বশেষ দেখা হাসপাতালে।

ফিল্ম আর্কাইভে আমার যাতায়াত ছোটবেলা থেকেই – যখন আর্কাইভ শংকরে– তারপর প্রায়ই যাওয়া হত। আর্কাইভ যখন ২০১১ সালে চলচ্চিত্র ব্যক্তিত্ব ও চলচ্চিত্র সংশ্লিষ্ট বিষয়ের উপর গবেষণা প্রস্তাব আহ্বান করলো – তখন বেবী ভাইয়ের জীবন ও কর্মের উপর প্রস্তাব জমা দিলাম। বর্তমান গ্রন্থ সেই গবেষণারই ফলাফল।

কর্মস্থল ভেদে বেবী ইসলামের কর্মজীবন ঘটনাবহুল এবং বর্ণময়। ১৯৪৭ সাল থেকে শুরু বেবী ইসলামের এই বিশাল চলচ্চিত্র জীবনের কর্মময় প্রতিফলন প্রকাশ করার জন্য তিন মাস খুবই কম সময়। তার উপর এদেশ খুব বেশী সংরক্ষণ প্রিয় নয়। সহজলভ্য নয় বেবী ইসলাম সম্পর্কিত প্রামাণ্য তথ্য ও নিদর্শন, সহজলভ্য নয় পুরনো পত্রপত্রিকা। তবুও যথাসাধ্য চেষ্টা করা হয়েছে যথাসম্ভব তথ্যবহুল, পদ্ধতিগত ভাবে নির্ভুল ও প্রামাণ্য করনের জন্য।

এই গবেষণার তত্ত্বাবধায়ক ছিলেন চলচ্চিত্র গবেষক জনাব অনুপম হায়াৎ। তাঁর সরবরাহকৃত তথ্য এবং নির্দেশনা, পরামর্শ একে করেছে তথ্যবহুল। ফিল্ম আর্কাইভের মহাপরিচালক কামরুন নাহারের আগ্রহ ও সহায়তা আমাকে সমৃদ্ধ করেছে। চলচ্চিত্র গবেষক ড. সাজেদুল আউয়াল নানা ভাবে সহায়তা করেছেন। ফিল্ম আর্কাইভের লাইব্রেরীয়ান জনাব নজরুল ইসলাম, চলচ্চিত্র পরিদর্শক জনাব ফখরুল আলম, ফিল্ম অফিসার জনাব লিয়াকত আলী ও সহকারী লাইব্রেরীয়ান মিস আসমা আকতারের সহায়তা ছাড়া এই গবেষণা কর্ম সম্পাদন করা যেত না – তাঁদের ধন্যবাদ।

'একাডেমী অব ফিল্ম এন্ড মিডিয়া'-র সুত্রে পেয়েছি জেসমিন রাজ গৃহীত বেবী ইসলামের সাক্ষাৎকারের ভিডিও - তাঁদেরকে ধন্যবাদ। ধন্যবাদ কোলকাতার 'নন্দন'এর গবেষক অভিজিৎ গোস্বামী চন্দনকে- পুরাতন দলিলপত্রের জন্য। আর কৃতজ্ঞতা প্রকাশ করছি তাঁদেরকে যাঁদের প্রদত্ত সাক্ষাৎকার আমি ব্যবহার করেছি।

এছাড়া যার সাহায্য এই গবেষণাকে বহুলাংশে সমৃদ্ধ করেছে, তিনি বেবী ইসলামের সহধর্মিণী অভিনেত্রী ও প্রযোজক তন্দ্রা ইসলাম। তিনি দিনের পর দিন হাসিমুখে ঘেঁটে ঘুঁটে বের করে দিয়েছেন বেবী ইসলামের বহু দলিলপত্র, আলোকচিত্র ও অজানা তথ্য। এই জন্য আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি তন্দ্রা ইসলামের কাছে।

বহু বছর ধরে আমার সংগ্রহ করা তথ্য ও আলোকচিত্র এখানে ব্যবহার করেছি। এই তথ্য ভান্ডার রক্ষার জন্য যাদের কষ্ট দিয়েছি তাঁরা আমার পরিবার। কৃতজ্ঞতা প্রকাশ করছি মা হোসনে আরা বেগম, বাবা মীর আব্দুস সামাদ, ছোট ভাই মীর মাহবুব আলম আজাদ, বোন মাহমুদা আক্তার শেলি, মাকছুদা আক্তার মিলি, শামীমা আক্তার মায়া ও সহধর্মিণী ডালিয়া কোরেশীর প্রতি।

এই গবেষণা কর্মটি যদি চলচ্চিত্রপ্রেমী, কর্মী, ছাত্র, চলচ্চিত্রগ্রহণে আগ্রহী নতুন প্রজন্মের কাজে লাগে, তবেই এর সার্থকতা। অসাবধানতা বসত এই গবেষণা গ্রন্থে ভুল ত্রুটি থাকা স্বাভাবিক। এই ত্রুটি মার্জনার চোখে দেখার জন্য অনুরোধ করছি –ভবিষ্যতে কেউ কোন পরামর্শ দিলে তা যথাযথভাবে সংশোধন করা হবে।

মীর শামছুল আলম বাবু
৪/৪, মিজান টাওয়ার, ১/৫ কল্যানপুর বাস স্ট্যান্ড
কল্যানপুর, ঢাকা - ১২১৬।
০১৭১১-২৪৯৪৬২, ০১৯৭১-২৪৯৪৬২।
baboo71@gmail.com

# সূচিপত্র


| | |
|---|---|
| জন্ম ও কৈশোর | ১ |
| শিক্ষাজীবন | ৪ |
| কর্মজীবন : কোলকাতা প্রথম পর্ব (১৯৪৭-১৯৫২) | ৭ |
| কর্মজীবন : মাদ্রাজ ও মুম্বাই পর্ব (১৯৫২-১৯৫৪) | ১৪ |
| কর্মজীবন : কোলকাতা দ্বিতীয় পর্ব (১৯৫৪-১৯৫৬) | ২১ |
| কর্মজীবন : ঢাকা পর্ব : পূর্ণাঙ্গ চিত্রগ্রাহক | ২৭ |
| ইতালিতে অধ্যয়ন এবং ফেরত | ৩৭ |
| কর্মজীবন : পূর্ব পাকিস্তান পর্ব : স্বাধীন চিত্রগ্রাহক | ৪১ |
| কর্মজীবন : বাংলাদেশ পর্ব | ৪৫ |
| স্বল্পদৈর্ঘ্য ও বিকল্পধারার চলচ্চিত্রে বেবী ইসলাম | ৫৭ |
| চিত্রপরিচালক বেবী ইসলাম | ৬২ |
| সংসার জীবন | ৭৩ |
| অবসর ও শেষজীবন | ৭৮ |
| সমাজসেবা কার্যক্রম | ৮০ |
| মৃত্যু ও পরবর্তী প্রতিক্রিয়া | ৮৪ |
| বেবী ইসলামের চলচ্চিত্রায়ণ কুশলতা | ৮৬ |
| বেবী ইসলামের প্রাপ্ত পুরস্কারের তালিকা | ৯৬ |
| বেবী ইসলামের চলচ্চিত্রপঞ্জি | ৯৮ |
| বেবী ইসলামের সংক্ষিপ্ত জীবনপঞ্জি | ১১০ |
| পরিশিষ্ট-১ : বেবী ইসলামের বংশ লতিকা | ১১৩ |
| পরিশিষ্ট-২ : বেবী ইসলাম সংক্রান্ত দলিলপত্র | ১১৪ |

# বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রকাশনা

১। কুশলী চিত্রগাহক বেবী ইসলাম, মীর শামছুল আলম বাবু, ঢাকা, ২০১৩।
২। তারেক মাসুদ : জীবনী গ্রন্থ, রুবাইয়াৎ আহমেদ, ঢাকা, ২০১৩।
৩। লালনের জীবনী নির্ভর চলচ্চিত্রে লালন দর্শনের রেপ্রিজেন্টেশন, নন্দিতা তাবস্‌সুম খান, ঢাকা, ২০১৩।
৪। বাংলাদেশ চলচ্চিত্র সংসদ আন্দোলন : পটভূমি, আদর্শ, লক্ষ এবং কার্যক্রম (১৯৬১-২০১১), অব্যয় রহমান, ঢাকা-২০১৩।
৫। বাংলাদেশ মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্রে নারী নির্মাণ, ড. কাবেরী গায়েন, ঢাকা, ২০১২।
৬। এম. এ. সামাদ : জীবন ও কর্ম, ড. রশিদ হারুন, ঢাকা-২০১২।
৭। বাদল রহমান : জীবন ও কর্ম, আবু সাঈদ মেহেদী হাসান, ঢাকা-২০১২।
৮। মুক্তিযোদ্ধা শিল্পী এ. কে. এম. আব্দুর রউফ, স্মারক গ্রন্থ, ঢাকা, ২০১১।
৯। বাংলাদেশের মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র : অনুপম হায়াৎ, ঢাকা,২০১১।
১০। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ প্রতিষ্ঠার পটভূমি পর্যলোচনা : মো: রফিকুল ইসলাম, ঢাকা-২০১১।
১১। বাংলাদেশের লোককাহিনীভিত্তিক চলচ্চিত্রে লোকজীবনের উপস্থাপনা : ড. তপন বাগচী, ঢাকা, ২০১১
১২। আমাদের চলচ্চিত্র : মো: ফখরুল আলম, ঢাকা, ২০১১।
১৩। বাংলাদেশের চলচ্চিত্রে শিশুর উপস্থাপন : শিশুতোষ মনোভঙ্গির নৈতিক ও শৈল্পিক পটভূমি পর্যালোচনা : ড. মো: আমিনুল ইসলাম, ঢাকা-২০১১।
১৪। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিচিতি : ঢাকা, ২০১১।
১৫। চলচ্চিত্রকার সালাহউদ্দিন : হারুনর রশীদ, ঢাকা, ২০১১।
১৬। সুমিতা দেবী : অব্যয় রহমান, ঢাকা-২০১১।
১৭। উদয়ন চৌধুরী : সুহৃদ জাহাঙ্গীর, ঢাকা-২০১১।
১৮। চলচ্চিত্রের গানে ড. মোহাম্মদ মনিরুজ্জামান : তপন বাগচী, ২০১০।
১৯। Digital Film of Bangladesh, Dr. Fhamidul Huq, Dhaka-2010.
২০। Women on Screen : Representing Women by Women in Bangladesh Cinema, Bikash Ch. Bhowmick, Dhaka, 2009.
২১। বাংলাদেশের জনপ্রিয় ধারার চলচ্চিত্র ও সিনে সাংবাদিকতার আন্তঃপ্রভাব : বর্তমান প্রেক্ষাপট ও ভবিষ্যত সম্ভাবনা : অদিতি ফাল্গুনি গায়েন ও হুমায়রা বিলকিস, ঢাকা-২০০৯।
২২। বাংলাদেশের শিশুতোষ চলচ্চিত্র : একটি সমাজতাত্ত্বিক সমীক্ষা : তপতী বর্মন ও ইমরান ফিরদাউস, ঢাকা-২০০৯।
২৩। রজতজয়ন্তী স্মারকগ্রন্থ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা-১৯৮৪।
২৪। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৫ম সংখ্যা, ২০১২।
২৫। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৪ম সংখ্যা, ২০১১।
২৬। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ৩য় সংখ্যা, ২০১০।
২৭। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ২য় সংখ্যা, ২০০৯।
২৮। বাংলাদেশ ফিল্ম আর্কাইভ জার্নাল, ১ম সংখ্যা, ২০০৮।